

এখানে বসলেই

এখানে বসলেই

দিনান্তের আকাশ আমায় ডাকে ;

বাস ট্রামের গর্জন

কাকের ডাক

রোদের মৃত - চুম্বন; আমায় বরণ করে ।

ময়দানের ঘাসে ঘাসে

লুপ্ত যত স্মৃতি

কখনো লুপ্ত, কভুবা উদগ্ন

সন্ধ্যার আকাশের মতই ভ্রমাগত ;

‘এখানে বসলেই তারা আমায়

তাড়া করে ফেরে ।

আকাশের শেষ চিলটা

যে সারাদিন উড়ে উড়ে ক্লাস্ত

এসে বসতে চায় আমার হৃদয়ে,

একটু উষণতা

একটু পরশ পাওয়ার জন্য ;

আকুল করে তোলে আমার প্রাণ ।

এখানেই বসলেই

ঠিক এখানে,

দিনান্তে

তোমার সবুজ হৃদয়ে ।

সৌমেন্দু

মুখোশ

কাকগুলো সব আকাশ ছেড়ে

মাটিতে এসে নেমেছে ;

কেউ বা সবুজ ঘাসের উপর

কেউ বা কিছু দেখছে নেড়ে

আস্জাকুড়ে ;

যদি পাওয়ার মত পড়েও কিছু

থাকে বা ।

কাকগুলো সব নিজের পালক

অন্যরঙে সাজিয়েছে,

বহুরঙ্গীর মতন আপন

শরীরটাকে রাঙিয়েছে ।

..... কাকগুলো সব

আকাশচুম্বী অট্টালিকায় উঠেছে,

সেখান থেকে মানুষ ---- যেন

টির উপর পিঁপড়ে ;

..... কাকগুলো সব

আকাশ ছেড়ে মাটিতে এসে নেমেছে ।

কাকগুলো আজ নিজের ভোলটা

আমূল করে বদলেছে ।

সৌমেন্দু